

Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 19 April, 2025

বিএনপির যুগ্ম মহাসচিব শহীদ উদ্দিন চৌধুরী এগানী বলেছেন, হাসিনার বিচার এখনও দৃশ্যমান নয়, দ্রুত তার বিচার করতে হবে।

শুক্রবার (১৮ এপ্রিল) বিকেলে লক্ষ্মীপুর সদর উপজেলার বাঙ্গাখা ইউনিয়ন বিএনপির প্রতিনিধি সভায় প্রধান অতিথির বক্তব্যে এগানী এসব কথা বলেন।

শহীদ উদ্দিন চৌধুরী এগানী বলেন, ‘হাসিনার পরিবারের যারা দুঃশাসন ও দুর্নীতির সঙ্গে জড়িত, ইউনিয়ন পর্যায়ে যারা সাধারণ মানুষের ওপর নির্যাতন চালিয়েছে, তাদের বিচারও দৃশ্যমান করতে হবে।

তিনি বলেন, ‘আমরা সংস্কার দেখতে চাই। নির্বাচনের জন্য সংস্কার অত্যন্ত জরুরি। বিচার প্রক্রিয়ার মাধ্যমে আওয়ামী লীগকে নিষিদ্ধ করতে হবে, কারণ এদের বাংলাদেশে রাজনীতি করার সুযোগ থাকা উচিত নয়।

আওয়ামী লীগের ঝটিকা মিছিল প্রসঙ্গে এগানী বলেন, ‘যদি তারা আবার ফ্যাসিবাদ কায়েম করে, তাহলে জনগণের দুর্ভোগ বাড়বে। এরা কখনও নিজের ভুল স্বীকার করে না, বরং হুমকি দেয় ঝটিকা মিছিল করে।

৫ আগস্টের ঘটনাবলী স্মরণ করে এগানী বলেন, ‘সেদিন এবং তার পরের দিন থানা লুটের সময় ব্যবহৃত অবৈধ অস্ত্র এখনো উদ্ধার হয়নি। এ অস্ত্র নিয়ে তারা আবারো শক্তি সঞ্চয় করতে পারে।

সরকারকে উদ্দেশ্য করে তিনি বলেন, ‘আমাদের আন্দোলনের মাধ্যমে এই সরকার গঠিত

হয়েছে। তাই সরকারের কাছে আমাদের প্রত্যাশাও বেশি। এই অবৈধ অস্ত্রগুলো যদি দ্রুত উদ্ধার না হয়, তাহলে তা জনগণের বিরুদ্ধে ব্যবহৃত হবে।

তিনি আরও বলেন, ‘৫ আগস্টের পর আট মাস পার হলেও এখনও ঢাকায় ফ্যাসিবাদের ঝটিকা মিছিল হচ্ছে। সরকারকে এসব বিষয়ে দ্রুত ব্যবস্থা নিতে হবে, জনগণ আর এই সুযোগ দিতে চায় না।

বাঙ্গাখা ইউনিয়নের আমানুল্লাহপুর আয়েশা দাখিল মাদ্রাসায় ইউনিয়ন বিএনপির সভাপতি আবুল কালাম হাওলাদারের সভাপতিত্বে সভাটি অনুষ্ঠিত হয়। সভা উদ্বোধন করেন লক্ষ্মীপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক অ্যাডভোকেট হাসিবুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পূর্ব বিএনপির আহ্বায়ক মাইনুদ্দিন চৌধুরী রিয়াজসহ অন্যান্য নেতা।

বিএনপি হাসিনা এ্যানী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 16:31

URL: <https://www.timestodaybd.com/public/bangladesh/6562361027>